# Neuromate

**Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$**

**Composition :**
Each film coated tablet contains Thiamine Nitrate (Vitamin $B_1$) BP 100 mg, Pyridoxine Hydrochloride (Vitamin $B_6$) BP 200 mg, Cyanocobalamin (Vitamin $B_{12}$) BP 200 mcg.

**Description :**
Neuromate is a combination of Vitamin $B_1$ (Thiamine), Vitamin $B_6$ (Pyridoxine) & Vitamin $B_{12}$ (Cyanocobalamin). These vitamins play essential role as co-enzyme for the metabolism of nervous system. Neuromate normalizes the nerve cell metabolism. Neuromate supports the regeneration of nerve fibers and myelin sheath by activation of the metabolism and the natural repair mechanism. The combination of these three vitamins shows better efficacy than that of the individual components. In addition, Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ promote body's own repair mechanism and work in pain management.

**Indications :**
Neuromate is indicated for the treatment of Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$ deficiency syndrome. It is also indicated in the treatment of diabetic neuropathy, sciatica, lumbago, trigeminal neuralgia, facial paralysis, optic neuritis & cardiac complications.

**Dosage and Administration :**
**Neuromate Tablet :** 1-2 tablets three times daily or as directed by the physician.

**Side effects :**
Very rarely hypersensitive reaction and sensitivity disturbance may occur.

**Use in special groups :**
**Pregnancy :** Neuromate is safe for pregnant woman.
**Lactation :** It is not known whether Thiamine (Vitamin $B_1$) is excreted in breast milk or not, but may be taken cautiously during lactation. Vitamin $B_6$ & $B_{12}$ have no adverse effect during lactation.
**Children :** Neuromate may be given to children.

**Contraindications :**
It should not be used in patients on Levodopa therapy.

**Precautions :**
This combination (Vitamin $B_1$, $B_6$ & $B_{12}$) should be avoided in case of hypersensitivity to Thiamine, Cobalt or any other component of these ingredients. Cyanocobalamin should not be given before a diagnosis has been fully established because of the possibility of masking symptoms of subacute degeneration of the spinal cord.

**Drug Interaction :**
Pyridoxine (Vitamin $B_6$) reduces therapeutic effect of Levodopa but it does not occur if a dopa decarboxylase inhibitor is also given. Neomycin, Chloramphenicol, Aminosalisylic acid & $H_2$ receptor antagonist may reduce Vitamin $B_{12}$ absorption.

**Storage :**
Store below 30°C temperature and keep away from light & moisture. Keep out of the reach of children.

**Commercial Pack :**
**Neuromate Tablet :** Each box contains 5 x 10 tablets in Alu-PVDC blister pack.

Labaid Pharma

Manufactured by: LABAID PHARMACEUTICALS LIMITED
Savar, Dhaka, Bangladesh

PS-IS-020/ V01

# নিউরোমেট

**ভিটামিন বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$**

**উপাদান ঃ**
প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে থায়ামিন নাইট্রেট (ভিটামিন বি$_{১}$) বিপি ১০০ মি.গ্রা., পাইরিডক্সিন হাইড্রোক্লোরাইড (ভিটামিন বি$_{৬}$) বিপি ২০০ মি.গ্রা., সায়ানোকোবালামিন (ভিটামিন বি$_{১২}$) বিপি ২০০ মাইক্রো-গ্রাম।

**বর্ণনা ঃ**
নিউরোমেট ভিটামিন বি$_{১}$ (থায়ামিন), ভিটামিন বি$_{৬}$ (পাইরিডক্সিন) এবং ভিটামিন বি$_{১২}$ (সায়ানোকোবালামিন) এর সমন্বয়ে গঠিত। এই সব ভিটামিন স্নায়ুতন্ত্রের বিপাকে কো-এনজাইম হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিউরোমেট স্নায়ুকোষের বিপাককে স্বাভাবিক করে। নিউরোমেট বিপাক ও প্রাকৃতিক পুনর্গঠন প্রক্রিয়াকে সক্রিয় করার মাধ্যমেও নার্ভ ফাইবার ও মাইলিন সিথ পুনর্গঠন করে। সংযুক্ত ভিটামিনত্রয়ের কার্যকারিতা এদের পৃথক পৃথক উপাদানের চেয়ে শ্রেয়। এছাড়াও এসব ভিটামিন শরীর পুনর্গঠনে ও ব্যথা নিরাময়ে ভূমিকা পালন করে।

**নির্দেশনা ঃ**
নিউরোমেট ট্যাবলেট ভিটামিন বি$_{১}$, বি$_{৬}$ এবং বি$_{১২}$ এর অভাব জনিত রোগসমূহে নির্দেশিত। এছাড়াও নিউরোমেট ডায়াবেটিক নিউরোপ্যাথী, সায়াটিকা, লাম্বাগো, ট্রাইজেমিনাল নিউরালজিয়া, ফেসিয়াল প্যারালাইসিস, অপটিক নিউরাইটিস এবং হৃদরোগের জটিলতায় নির্দেশিত।

**মাত্রা ও সেবনবিধি ঃ**
**নিউরোমেট ট্যাবলেট ঃ** ১-২ টি করে ট্যাবলেট দিনে তিন বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়া ঃ**
অতিসংবেদনশীল বিক্রিয়া খুব কম ক্ষেত্রে হয় এবং সংবেদনশীলতার বিঘ্ন ঘটতে পারে।

**বিশেষ গ্রুপের ব্যবহার ঃ**
**গর্ভাবস্থায় ঃ** নিউরোমেট গর্ভবতী মহিলাদের জন্য নিরাপদ।
**স্তন্যদানকালে ঃ** থায়ামিন মাতৃদুগ্ধে নিঃসৃত হয় কিনা তা জানা যায়নি, কিন্তু দুগ্ধদানকালে সতর্কতার সাথে গ্রহণ করা উচিত। দুগ্ধদানকালীন মায়েদের ক্ষেত্রে ভিটামিন বি$_{৬}$ ও বি$_{১২}$ ব্যবহারে কোন বিরূপ প্রতিক্রিয়া পাওয়া যায়নি।
**শিশুদের ক্ষেত্রে ঃ** নিউরোমেট শিশুদের দেয়া যাবে।

**প্রতিনির্দেশনা ঃ**
যে সকল রোগী লেভোডোপা গ্রহণ করছে তাদের ক্ষেত্রে ব্যবহার করা উচিত নয়।

**সতর্কতা ঃ**
থায়ামিন, কোবাল্ট অথবা এর অন্য কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল হলে নিউরোমেট পরিহার করা উচিত। স্পাইনাল কর্ডের সাবএকিউট ডিজেনারেশন উপসর্গ ঢাকার সম্ভাবনা থাকায় রোগ নির্ণয় ব্যতীত সায়ানোকোবালামিন ব্যবহার করা উচিত নয়।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া ঃ**
পাইরিডক্সিন (ভিটামিন বি$_{৬}$) লেভোডোপার কার্যকারিতা কমিয়ে দেয় কিন্তু ডোপা ডিকার্বক্সিলেজ ইনহিবিটর এর সাথে দেয়া হলে লেভোডোপার কার্যকারিতায় ব্যাঘাত ঘটে না। নিওমাইসিন, ক্লোরামফেনিকল, এমাইনোস্যালিসাইলিক এসিড এবং $H_2$ রিসেপ্টর এন্টাগনিস্ট ভিটামিন বি$_{১২}$ এর শোষণ কমিয়ে দিতে পারে।

**সংরক্ষণ ঃ**
৩০° সে. তাপমাত্রার নিচে, আলো ও আর্দ্রতা থেকে দূরে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ ঃ**
**নিউরোমেট ট্যাবলেট ঃ** প্রতি বাক্সে আছে ৫ x ১০ টি ট্যাবলেট, অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে।

Labaid Pharma

প্রস্তুতকারকঃ ল্যাবএইড
ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড
সাভার, ঢাকা, বাংলাদেশ